# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## প্রাক-নির্বাচনি পরীক্ষা-২০২৪

## শ্রেণি: ১০ম

## বিষয়: ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল প্রশ্ন)

## অধ্যায়-১-ব্যবসায় পরিচিতি

**১। নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
**আঁখিতারা গ্রামের দশম শ্রেণির ছাত্র নাফিসের বাবা গ্রামের প্রশিক্ষণপ্রাপ্ত একজন পল্লি চিকিৎসক। চিকিৎসার পাশাপাশি তিনি মানসম্মত ঔষধও বিক্রি করেন। গ্রামে বিভিন্ন রোগের ঔষধের ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও কিছু সীমাবদ্ধতার কারণে তিনি সব ধরনের ওষুধ ক্রয় করতে পারেন না। সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার অভাবে ওষুধ কোম্পানির এজেন্টরাও প্রয়োজনীয় ঔষধ সময়মতো পৌঁছাতে পারেন না। অন্যদিকে দোকানে সংরক্ষণের সুব্যবস্থা না থাকায় অনেক ওষুধ নষ্ট হয়ে যায়।**

ক) ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?
খ) শিল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
গ) নাফিসের বাবার ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা কর।
ঘ) নাফিসের বাবার পক্ষে এলাকাবাসীর চাহিদামাফিক ওষুধ সরবরাহ করতে না পারার কারণ কোনটি বলে তুমি মনে কর। তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**২। নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
বাংলাদেশ একসময় ব্যবসায়-বাণিজ্যে সারাবিশ্বে সুপরিচিত ছিল। এ দেশে এমন একটি বস্ত্র তৈরি হতো যার খ্যাতি দেশে দেশে ছড়িয়ে পড়েছিল। মেঘনা ও শীতলক্ষ্যা নদীর আবহাওয়া ও জলীয়বাষ্প সে বিখ্যাত বস্ত্রটির সুতা তৈরিতে সহায়ক ছিল। সাথে ছিল শ্রমিক ও কারিগরদের আন্তরিক পরিশ্রম ও সৃজনশীলতা। বর্তমানে ব্যবসায়িক পরিবেশের সবগুলো উপাদানের উন্নয়ন ঘটাতে পারলে ব্যবসায়-বাণিজ্যের অধিক প্রসার ঘটবে এবং ফিরে আসবে অতীত গৌরব।

ক) কোন বস্ত্রের জন্য বাংলাদেশের খ্যাতি সারাবিশ্বে ছড়িয়ে পড়েছিল?
খ) ব্যবসায়িক পরিবেশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ) কোন পরিবেশের উন্নয়নের মাধ্যমে উদ্দীপকে উল্লিখিত শ্রমিক ও কারিগরদের সৃজনশীলতা বিকাশ সম্ভব? ব্যাখ্যা কর।
ঘ) বর্তমানে দেশের ব্যবসায়-বাণিজ্যের প্রসার ঘটাতে উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়ের কোন পরিবেশের উন্নয়ন জরুরি বলে তুমি মনে কর। তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

**৩। নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

**এসএসসি পাস হালিমা অল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করেন। অল্পদিনেই তারা ব্যবসায় প্রতিষ্ঠানটি সফল ব্যবসায়ে পরিণত হয়। বর্তমানে তার প্রতিষ্ঠানে প্রায় ৫০ জন নারী পুরুষ কাজ করে। তারা সুঁই-সুতা দিয়ে নকশি আঁকা কাপড়, হাতে কাজের শাড়ি, থ্রি পিস, পাঞ্জাবি, ফতুয়া ইত্যাদি তৈরি করে। তাদের প্রশিক্ষণ দেয়ার মাধ্যমে হালিমা তার প্রতিষ্ঠানে দক্ষ জনশক্তি গড়ে তুলতে সক্ষম হয়েছেন। হালিমা গ্রামের মহিলাদের কর্মী হিসেবে নিয়োগ করেন বলে গ্রামের মহিলাদের আর্থিক অবস্থার পরিবর্তন ও জীবনযাত্রার মানের উন্নতি হয়েছে।**

ক) এটিএম কার্ড প্রচলন হয় কোন যুগে?
খ) পণ্যের গুদামজাতকরণ প্রয়োজন কেন?
গ) হালিমার প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্পের অন্তর্গত ব্যাখ্যা কর।
ঘ) হালিমার প্রতিষ্ঠানটির গুরুত্ব মূল্যায়ন কর।

**৪। বাংলাদেশের একটি অন্যতম ফার্নিচার তৈরি ও সরবরাহকারী প্রতিষ্ঠান হলো অটবি। অটবি কোম্পানি ক্রেতাদের নিকট থেকে পণ্যমূল্য আদায়ের জন্য বিভিন্ন ধরনের ব্যাংকিং কার্ড গ্রহণ করে থাকে। ডেবিট ও ক্রেডিট কার্ড ব্যবহারের সুযোগ থাকায় অটবিতে অধিক গ্রাহকের সমাগম ঘটে। কোম্পানিটি আর্থিক সংকটের সময় ব্যাংকিং প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করে।**

ক) ভোক্তাদের মনোভাব কোন পরিবেশের উপাদান?
খ) কীভাবে পণ্যের সময়গত উপযোগ সৃষ্টি হয়?
গ) অটবির লেনদেন সম্পাদনে ব্যবসায়ের কোন যুগের বৈশিষ্ট্য ফুটে ওঠেছে? ব্যাখ্যা কর।
ঘ) অটবির মতো ব্যবসায় প্রতিষ্ঠানের সহায়তায় ব্যাংকিং কার্যক্রমের ভূমিকা মূল্যায়ন কর।

**৫। মি. জিয়া চট্টগ্রাম ইপিজেডে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেছেন। তিনি চীন হতে সুতা এবং কাপড় আমদানি করে পোশাক প্রস্তুত করে ইউরোপের বিভিন্ন দেশে রপ্তানি করেন। মান ভালো হওয়ায় সম্প্রতি যুক্তরাষ্ট্রের ক্রেতারা তার তৈরি পোশাক কেনার আগ্রহ প্রকাশ করেছেন।**

ক) ব্যবসায়ের সাথে জড়িত পণ্য বা সেবার অবশ্যই কী থাকতে হবে?
খ) বিমা কীভাবে ব্যবসায়ের ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে?
গ) মি. জিয়া কীভাবে পণ্যদ্রব্যের রূপগত উপযোগ সৃষ্টি করছেন? ব্যাখ্যা কর।
ঘ) মি. জিয়ার রপ্তানি বৃদ্ধি পাওয়ার কারণ বিশ্লেষণ কর।

# অধ্যায়-৬-ব্যবসায় পরিকল্পনা

**১। চাষির ছেলে সাহেদ নদী ভাঙনে প্রায় নিঃস্ব। এমতাবস্থায় তার ব্যবসায়ী বন্ধু মাহফুজকে দেখে নিজের সঞ্চিত অর্থ এবং ব্যাংক থেকে ঋণ নিয়ে উপজেলা সদরে একটি তৈরি পোশাকের দোকান খোলেন। আনুমানিক লাভ হিসাব করে পণ্যের বিক্রয় মূল্য নির্ধারণ করেন এবং পরবর্তীতে তিনি সফলতা অর্জন করেন।**

ক) কোনটি ব্যবসায় প্রকল্প প্রণয়নের শেষ ধাপ?
খ) ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কী? ব্যাখ্যা কর।
গ) জনাব সাহেদ ব্যবসায় স্থাপনে পরিবেশের কোন উপাদানকে বেশি গুরুত্ব দিয়েছেন?
ঘ) "সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত" ব্যবসায় সাফল্যের ভিত্তি উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর।

**২। জনাব মিলন একজন ব্যবসায় উদ্যোগের শিক্ষক। তিনি তার ছাত্র-ছাত্রীদের উদ্যোক্তা হবার সক্ষমতা যাচাই করার জন্য আত্ম-বিশ্লেষণের প্রয়োজনীয়তা উল্লেখ করেন এবং উদ্যোক্তার গুণাবলি সম্পর্কিত ১৫টি প্রশ্ন সংবলিত একটি ফরম প্রদান করেন। ঐ ক্লাসের একজন ছাত্র জাফর ৯টি প্রশ্নের উত্তর হ্যাঁ এবং ৬টি প্রশ্নের উত্তর না প্রদান করে।**

ক) প্রকল্পের বাণিজ্যিক দিক বিবেচনা করা হয় কোন পর্যায়ে?
খ) উদ্যোক্তা কীভাবে প্রকল্প নির্বাচন করে?
গ) উদ্দীপকের আলোকে জাফরের উদ্যোক্তা হওয়ার সম্ভাবনা বর্ণনা কর।
ঘ) জনাব মিলনের উল্লিখিত বিষয়টির ব্যাখ্যা দাও।

**৩। রোকন এ বছর কলেজে ভর্তি হয়েছেন। তিনি তার পরিবারকে আর্থিকভাবে সাহায্য করার জন্য তার কলেজের পাশে একটি লাইব্রেরী চালু করার সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে ব্যবসায়ের সাফল্যের বিষয়ে সে বেশ শঙ্কিত। তাই তিনি তার ব্যবসায়টিকে কোন দিকে অগ্রসর করবেন, কীভাবে ব্যবসায় পরিচালনা করলে ব্যবসায়ের সাফল্য অর্জন করা যাবে সে বিষয়ে দিকনির্দেশনা পেতে একটি ছক প্রণয়ন করলেন। ছক অনুসারে কাজ করে অবশেষে তিনি একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করলেন। তিনি মনে করেন রাডার যেমন জাহাজ চালককে পথ নির্দেশনা দেয়, তেমনি ছকও তাকে ঠিক সেই ভাবে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দিয়েছে।**

ক) ব্যবসায় পরিকল্পনা কী?
খ) 'ভালো পরিকল্পনা কাজের অর্ধেক সম্পন্ন করে।'-ব্যাখ্যা কর।
গ) রোকনের জীবনে সফলতার চাবিকাঠি কোনটি? বর্ণনা কর।
ঘ) রোকন উক্ত ছকের যে গুরুত্ব বুঝতে পেরেছেন তা নিজের মতো করে আলোচনা কর।

**৪। জনাব সোহাগ একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য একটি বিশেষ কার্য সম্পাদন করেন। যার ফলে তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা অনেক সহজ হয়ে যায়। বর্তমান প্রতিযোগিতাপূর্ণ বাজারে টিকে থাকার জন্য তিনি ব্যাংক ঋণ গ্রহণ করে ব্যবসায় সম্প্রসারণ করেছেন। ব্যবসায়ের যাবতীয় কার্যক্রম পূর্ব নির্ধারিত উপায়ে সম্পাদিত হওয়ায় ব্যবসায়ের সামগ্রিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। ফলে দিন দিন তার ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পাচ্ছে।**

ক) পণ্যের ধারণা থেকে কীসের সূত্রপাত হয়?
খ) ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে তথ্যের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।
গ) জনাব সোহাগ ব্যবসায়ের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য যে বিশেষ কার্যটি সম্পাদন করেছেন তা কী? বর্ণনা কর।
ঘ) জনাব সোহাগের প্রতিষ্ঠানে ব্যবসায় পরিকল্পনা ভবিষ্যৎ অনিশ্চয়তা মোকাবিলার কৌশল-এ বাক্যটির সাথে তুমি কি একমত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

**৫। জনাব নজরুল নিজের ব্যবসায় সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে আকর্ষণীয় বাজার ও ব্যবসায়ের ভবিষ্যৎ সম্ভাবনার কথা মাথায় রেখে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার ভবিষ্যৎ চিন্তা-ভাবনা ব্যবসায় পরিচালনা সহজ করেছে এবং তিনি ব্যবসায়ে দিন দিন উন্নতি লাভ করেছেন।**

ক) ব্যবসায়ীর দিক নির্দেশক দলিল কোনটি?
খ) বিপণন বলতে কী বোঝায়?
গ) মি. নজরুলের নিজের ব্যবসায় সক্ষমতা যাচাইয়ের প্রক্রিয়াটি বর্ণনা কর।
ঘ) মি. নজরুলের ব্যবসায়ের সাফল্যের নীলনকশাটি বিশ্লেষণ কর|

# অধ্যায়-৯-বিপণন

**১। নিউ লিমিটেডের উৎপাদিত টিভি সারা দেশে বিক্রয় হয়। চাঁদপুরের জনাব মেহেদি সারা শহরে নিউ টিভির একমাত্র বিক্রেতা। তিনি নিউ লিমিটেড প্রতিষ্ঠান হতে বিক্রয়ের ওপর নির্দিষ্ট হারে কমিশন পেয়ে থাকেন। তিনি ভাবছেন অন্য প্রতিষ্ঠানের পণ্যও আলাদা দোকানের মাধ্যমে চাঁদপুর শহরে বিক্রয় করবেন।**

ক) বিপণনের কোন কাজটি দ্বারা সারা বছর মৌসুমি পণ্য ব্যবহার করা যায়?
খ) মধ্যস্থব্যবসায়ী কেন অপরিহার্য?
গ) উদ্দীপকের নিউ টিভির বণ্টন প্রণালি ব্যাখ্যা কর।
ঘ) তুমি কি মনে কর উদ্দীপকের বণ্টন প্রণালির আওতায় চাঁদপুর গ্রাহকরা বেশি লাভবান হচ্ছে? মতামত দাও।

**২। রাফিন ফুডস লিমিটেড ভোক্তাদের চাহিদা, ক্রয় ক্ষমতা, রুচি, অভ্যাস ইত্যাদির ওপর সমীক্ষা চালিয়ে তাদের উৎপাদন এবং আমদানি পরিকল্পনা গ্রহণ করে। এ বছর দেশে চাল-ডাল এবং পিঁয়াজের উৎপাদন কম হওয়ায় তারা ভারত থেকে প্রচুর পরিমাণ চাল, ডাল এবং পিঁয়াজ আমদানি করে মজুদ করে রাখে। উক্ত পণ্য তারা সারা বছর ধরে বিক্রি করায় বাজারে উক্ত পণ্যের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য স্থাপিত হয়েছিল এবং সারাবছর উক্ত পণ্যের মূল্য স্থিতিশীল ছিল।**
ক) বিপণন প্রধানত কয়টি উপযোগ সৃষ্টি করে?
খ) শিল্প পণ্যের জন্য মোড়ককিকরণ গুরুত্বপূর্ণ কেন?
গ) রাফিন ফুডস লিমিটেডের ভোক্তাদের ওপর সমীক্ষা চালানো কোন ধরনের কাজ? বর্ণনা কর।
ঘ) তুমি কি মনে কর রাফিন ফুডস লিমিটেড উৎপাদক ও ভোক্তা উভয়ের স্বার্থ রক্ষা করেছেন? বিশ্লেষণ কর।

**৩। জনাব মাহীন একটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। তিনি তার কারখানার উৎপাদিত বিভিন্ন ইলেকট্রনিক্স সামগ্রী ঢাকার গুলিস্তানের সুন্দরবন স্কয়ার মার্কেটে মধ্যস্থ ব্যবসায়ীদের সরবরাহ করেন। বিভিন্ন এলাকার ব্যবসায়ীরা তাদের কাছ থেকে এসব পণ্য ক্রয় করে নিজ এলাকায় ভোক্তাদের নিকট বিক্রি করেন। সম্প্রতি জনাব মাহীন তার বণ্টন প্রণালিটি পরিবর্তন করে ডিলার নিয়োগ দিয়ে সরাসরি ভোক্তার নিকট পণ্য বিক্রয়ের কথা চিন্তা করছেন।**
ক) কোনটি শিল্প, বাণিজ্য ও সেবার উন্নতি ঘটায়?
খ) বিক্রয়িকতা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর।
গ) জনাব মাহীন কাদের সহায়তায় ভোক্তাদের নিকট পণ্য পৌছান? বর্ণনা কর।
ঘ) জনাব মাহীন নতুন যে বণ্টন প্রণালিটি ব্যবহার করার কথা চিন্তা করছেন তার যথার্থতা বিশ্লেষণ কর।

**৪। হাকিমপুর গ্রামের জনাব শহীদ বাণিজ্যিক ভিত্তিতে ঢেঁড়স, শিম, লাউ, মিষ্টিকুমড়া, বেগুনসহ বিভিন্ন ধরনের সবজি চাষ করেন। তার গ্রামে এবং তার গ্রামের আশপাশে বেশ কয়টি গ্রামের কৃষকরা তারই মতো করে বিভিন্ন সবজির চাষ করায় এখানে প্রচুর পরিমাণ সবজি উৎপন্ন হয়। এসব সবজি পাইকারি ব্যবসায়ীরা ক্রয় করে ট্রাক বোঝাই করে বিভিন্ন শহরে নিয়ে বেশি দামে বিক্রি করে। কিন্তু চাষিরা তাদের আশানুরূপ মূল্য পায় না। তাই তারা সকলে সংগঠিত করে বিকল্প বিক্রয় পদ্ধতির কথা ভাবছেন।**
ক) পরিবহন পণ্যের কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
খ) বিপণন গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর।
গ) জনাব শহীদ পণ্য বণ্টনে কোন পদ্ধতি অনুসরণ করেন? বর্ণনা কর।
ঘ) ভবিষ্যতে পণ্যের ন্যায্যমূল্য পেতে চাষিদের কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

**৫। সিলেটের হাফিজ নিজের জমির সবজি ভ্যানে করে সদরে এনে কম দামে শহরের পাইকারি ব্যবসায়ীদের নিকট বিক্রি করেন। পাইকাররা এসব সবজি ট্রাকে করে ঢাকায় এনে গুদামঘরে সংরক্ষণ করে। তারপর দাম বাড়লে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রি করে অধিক মুনাফা লাভ করে। খুচরা ব্যবসায়ীরা আবার তাদের ক্রয়মূল্যের সাথে লাভ যোগ করে বিক্রয় মূল্য নির্ধারণ করে ভোক্তাদের নিকট বিক্রয় করে। তাই হাফিজের মতো উৎপাদকরা কম মূল্যে তাদের উৎপাদিত পণ্য বিক্রয় করলেও শহরের ভোক্তাদের অধিক দামে তা ক্রয় করতে হয়।**
ক) বিজ্ঞাপনে সবচেয়ে ব্যয়বহুল মাধ্যম কোনটি?
খ) শিল্পজাত পণ্যের মোড়ককিকরণের উদ্দেশ্যাবলি উল্লেখ কর।
গ) বণ্টন প্রণালিতে হাফিজের অবস্থান কোথায়? বর্ণনা কর।
ঘ) হাফিজ কম দামে সবজি বিক্রি করলেও শহরের ভোক্তাদের তা অধিক দাম দিয়ে কেনার কারণ বিশ্লেষণ কর।

# অধ্যায়-১০-ব্যবসায় উদ্যোগ উন্নয়নে সহায়ক সেবা

**১। মিস জেবা নিজস্ব দক্ষতায় বিভিন্ন অলঙ্কার ও শৌখিন দ্রব্যাদি তৈরি করে অনলাইনে বিক্রয় করেন। তার বিক্রয়ের পরিমাণ বেড়ে যাওয়ায় ব্যবসায় সম্প্রসারণের জন্য অধিক পুঁজির প্রয়োজন দেখা দেওয়ায় আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়ে সমস্যার সমাধান করেন।**
ক) উপমহাদেশে কত সালে ট্রেডমার্কস আইন প্রণয়ন করা হয়?
খ) প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায় বলতে কী বোঝায়?
গ) ব্যবসায়ের কোন পরিবেশের সহায়তায় মিস জেবা পণ্য বিক্রয় করতে সক্ষম হয়েছেন? বর্ণনা কর।
ঘ) মিস জেবার ব্যবসায় সম্প্রসারণে আর্থিক প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন কর।

**২। জনাব ইউসুফ পড়াশোনা শেষ করে পছন্দমতো চাকরি না পেয়ে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ হন। তিনি পত্রিকায় বিসিক কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার বিজ্ঞাপন দেখে উক্ত কর্মশালায় অংশগ্রহণ করে বোর্ড তৈরির ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি কর্মশালায় অংশগ্রহণ করে এ কথাও বুঝতে পারেন যে অন্যের অধীনে চাকরি করার চেয়ে নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করা অধিক আনন্দের এবং লাভজনক। তাই তিনি নিজ উদ্যোগে একটি বোর্ড তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন। তার এই সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য বিভিন্ন সহায়তা প্রয়োজন।**
ক) BITAC Gi পূর্ণরূপ কী?
খ) বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে এসএমই'র ভূমিকা লেখ।
গ) জনাব ইউসুফ বিসিক থেকে কোন ধরনের সহায়তা পাবেন? বর্ণনা কর।

ঘ) জনাব ইউসুফের মতো উদ্যোক্তাদের জন্য বিসিক আর বিটাকের মধ্যে কোনটিকে তুমি অধিক উত্তম মনে কর। তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**৩। স্বপন সাহা দীর্ঘ ১৫ বছর নাজ ফ্যাশনে হিসাবরক্ষক পদে কর্মরত ছিলেন। সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে তার অভিজ্ঞতা বাড়লেও বেতন তেমন বাড়েনি। তাই তিনি তার পেশা পরিবর্তনের কথা ভাবছিলেন। একদিন তিনি টেলিভিশনে কয়েকজন সফল উদ্যোক্তার সাক্ষাৎকার দেখে বন্ধুর সাথে এ ব্যাপারে আলোচনা করেন। বন্ধু তাকে ব্যবসায় স্থাপনে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রদত্ত সহায়তা সম্পর্কে জানালে তিনি তার এলাকায় একটি মুদি দোকান দেন। কিন্তু কিছুদিনের মধ্যে তার আশপাশে বেশ কয়টি বড় মুদির দোকান গড়ে উঠলে তাকে তীব্র প্রতিযোগিতার মুখোমুখি হতে হয়। এ অবস্থায় স্বপন সাহাকে তার বন্ধু মুদি দোকানটিকে ডিপার্টমেন্টাল স্টোরে পরিণত করে ব্যবসায়ে আধুনিকীকরণের পরামর্শ দেন।**

ক) প্রকৃতি অনুযায়ী সহায়তাকে কয় ভাগে ভাগ করা যায়?
খ) অর্থনীতির মূল স্রোতে নারীদের অংশগ্রহণ অপরিহার্য কেন?
গ) স্বপন সাহাকে ব্যবসায় করতে আগ্রহী করে তুলেছে কোন বিষয়টি? বর্ণনা কর।
ঘ) তুমি কি মনে কর বর্তমান প্রতিযোগিতায় টিকে থাকতে স্বপন সাহাকে তার বন্ধুর পরামর্শ সহায়তা করবে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

**৪। বেলাল কিশোরগঞ্জের হাওড় এলাকায় বসবাস করেন। এলাকাটিতে প্রচুর ধান উৎপাদিত হওয়ায় তিনি একটি চাতাল কল স্থাপন করতে আগ্রহী হলেন। সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি সংস্থা থেকে তিনি ঋণ গ্রহণ করে চাতাল ব্যবসায় শুরু করলেন। এ সংস্থাটি তার চাতাল কলের জন্য ঋণ প্রদান ছাড়াও যন্ত্রপাতি পরিবর্তন করার পরামর্শ প্রদান করল। সংস্থাটি বাংলাদেশ শিল্প ব্যাংক ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থার একত্রিত রূপ যেটি বেলালের মতো অসংখ্য উদ্যোক্তা তৈরিতে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করে।**

ক) MIDAS-এর পূর্ণরূপ কী?
খ) উদ্দীপনামূলক সহায়তা ব্যাখ্যা কর।
গ) বেলালের চাতাল ব্যবসায়ে কোন সংস্থা সহায়তা প্রদান করেছে তা বর্ণনা কর।
ঘ) বেলালের চাতাল ব্যবসায়ের সফলতায় সংস্থাটির ভূমিকা কতটা অপরিহার্য ছিল বলে তুমি মনে কর?

**৫। জনাব মামুন এমএ পাস করার পর বিভিন্ন স্থানে চাকরির জন্য পরীক্ষা দিয়ে কোথাও চাকরি না পেয়ে হতাশাপূর্ণ জীবন কাটাচ্ছিল। এ সময় চ্যানেল আই সম্প্রচারিত হাঁস পালনের ওপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র জনাব মামুনের দৃষ্টি আকর্ষণ করল। এই প্রামাণ্যচিত্রটি দেখার পর জনাব মামুন যুব উন্নয়ন অধিদপ্তর থেকে হাঁস পালনের ওপর প্রশিক্ষণ নিয়ে একটি হাঁসের খামার গড়ে তোলেন। কঠোর পরিশ্রম ও দৃঢ় মনোবল নিয়ে খামারটি পরিচালনা করায় তিনি দ্রুত সফলতা লাভ করেন।**

ক)১৯৫৭ সালে কে যুক্তফ্রন্ট সরকারের শ্রম, বাণিজ্য ও শিল্পমন্ত্রী ছিলেন?
খ)সমর্থনমূলক সহায়তা বলতে কী বোঝ?
গ)জনাব মামুনের হাঁস খামার স্থাপনে চ্যানেল আই'র সম্প্রচারিত প্রামাণ্যচিত্রটি কোন ধরনের সহায়তা প্রদান করেছে? বর্ণনা কর।
ঘ) জনাব মামুনের ব্যবসায় উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে চ্যানেল আই'র প্রামাণ্যচিত্রের ভূমিকা মূল্যায়ন কর।

# অধ্যায়-১১-ব্যবসায়ে নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা

**১। মি. আসাদ তার এলাকায় একটি কসমেটিকস সামগ্রীর দোকান দিলেন। শুরুতেই নিম্নমানের পণ্য অধিক মূল্যে বিক্রির মাধ্যমে তিনি প্রচুর মুনাফা অর্জন করছিলেন। কিন্তু বর্তমানে ভোক্তাগণ তার দোকান হতে মুখ ফিরিয়ে নিচ্ছে। ভোক্তাদের আস্থা অর্জনের জন্য বর্তমানে তাকে অধিক পরিশ্রম করতে হচ্ছে।**

ক) সফল উদ্যোক্তার একটি বড় বৈশিষ্ট্য কী?
খ) উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য কী? ব্যাখ্যা কর।
গ) উদ্দীপকে মি. আসাদ কোন ধরনের দায়বদ্ধতাকে মেনে চলেননি? ব্যাখ্যা কর।
ঘ) মি. আসাদ কীভাবে একজন যথার্থ ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হতে পারেন? তোমার মতামত দাও।

**২। জনাব সালমান একজন আলু ব্যবসায়ী। তিনি আলু উৎপাদনের মৌসুমে অধিক পরিমাণে আলু ক্রয় করে মজুদ করে রাখেন এবং সারা বছর বাজারে আলু সরবরাহ করেন। এছাড়া তিনি সমাজ, ক্রেতা ও ভোক্তা, শ্রমিক-কর্মচারীদের প্রতি ব্যবসায়ী সামাজিক দায়িত্বগুলো যথাযথভাবে পালন করেন।**

ক) স্কুল স্থাপন করা কী ধরনের কাজ?
খ) পরিবেশ দূষণের প্রধান কারণসমূহ উল্লেখ কর।
গ) জনাব সালমানের মজুদদারি কোন ধরনের দায়বদ্ধতা পালন করে? ব্যাখ্যা কর।
ঘ) জনাব সালমানের পালিত দায়িত্বসমূহ মূল্যায়ন কর।

**৩। জনাব বাবলুর একটি চামড়া প্রক্রিয়াজাতকরণ কারখানা আছে। তিনি তার কারখানার বর্জ্য নিষ্কাশনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করেননি। ফলে তার কারখানার বর্জ্য পার্শ্ববর্তী নদীতে গিয়ে পড়ে। এ নিয়ে এলাকাবাসী জনাব বাবলুর ওপর ক্ষুদ্ধ।**

ক) কর্মসংস্থান সৃষ্টি ব্যবসায়ের কার প্রতি দায়বদ্ধতা?
খ) রাষ্ট্রের প্রতি ব্যবসায়ের দায়িত্বসমূহ লেখ।
গ) জনাব বাবলুর কারখানা কোন ধরনের দূষণ সৃষ্টি করছে? ব্যাখ্যা কর।
ঘ) উদ্দীপকের দূষণ রোধে করণীয় সম্পর্কে তোমার মতামত দাও।

**৪। ঢাকা নিউমার্কেটের কাঁচা বাজারকে বাজার কর্তৃপক্ষ ফরমালিনমুক্ত বাজার ঘোষণা করেছে। তা সত্ত্বেও অধিক মুনাফা লাভের আশায় জাবেদ আলী নামক একজন মাছ বিক্রেতা মাছে ফরমালিন মিশিয়েছেন। বাজার কর্তৃপক্ষ এ ঘটনা জানতে পেরে জাবেদ আলীকে ২০,০০০ টাকা জরিমানা করে এবং এক মাসের মধ্যে তাকে দোকান ছেড়ে দেয়ার নির্দেশ দেয়। এ ঘটনা পত্রিকায় প্রকাশ হলে বাজার কর্তৃপক্ষের ওপর জনগণের আস্থা বৃদ্ধি পায় এবং ঢাকা নিউ মার্কেট কাঁচাবাজার তাদের নিকট একটি আদর্শ বিক্রয় কেন্দ্র হিসেবে পরিচিতি পায়।**

ক) ক্রয়মূল্য ও বিক্রয় মূল্যের ব্যবধানকে কী বলে?

খ) ব্যবসায়ের অনৈতিক কার্যকলাপ বলতে কী বোঝ?
গ) জাবেদ আলীর ব্যবসায়ে কোনটি অনুপস্থিত? বর্ণনা কর।
ঘ) ঢাকা নিউ মার্কেটের বাজার কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত কীভাবে মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করবে বলে তুমি মনে কর?

৫। রিয়া লেখাপড়া শেষ করে চাকরির জন্য অপেক্ষা করেনি। সামান্য পুঁজি ও প্রশিক্ষণের মাধ্যমে তিনি একটি বিউটি পার্লারের ব্যবসায় শুরু করেন। রিয়ার বিউটি পার্লারের তিনজন মেয়েকে নিয়োগ করেন। এছাড়া রিয়ার ব্যবসায়ে অনুপ্রবেশ লক্ষ করে এলাকার আরও কয়েকজন বেকার মেয়েরা প্রশিক্ষণের মাধ্যমে ছোট ছোট ব্যবসায় শুরু করেন। ফলে ঐসব মেয়েদের বেকার সমস্যার সমাধানের পাশাপাশি স্থানীয় আরও কিছু মেয়েদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়।
ক) পণ্যের মজুদদারি না করা কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন?
খ) ব্যবসায়ীর সৃজনশীলতা সম্পর্কে ব্যাখ্যা কর।
গ) রিয়ার বিউটি পার্লার স্থাপনের কারণ বর্ণনা কর।
ঘ) বেকার সমস্যার সমাধানে রিয়ার অবদান মূল্যায়ন কর।

# অধ্যায়-১২-সফল উদ্যোক্তাদের জীবনী থেকে শিক্ষণীয়আর্থিক বিবরণী

১। স্বল্পশিক্ষিত মিটুল জেলা শহরে একটি মোবাইল সার্ভিসিং-এর দোকানে স্বল্প বেতনে ৫ বছর মনোযোগ সহকারে কাজ দেখে ও শিখে। পরবর্তীতে সে গ্রামে এসে একটি দোকান দেয়। প্রথমে আত্মীয়স্বজন ও পরিচিতদের মোবাইল কম মজুরিতে মেরামত করে। সুনাম ছড়িয়ে পড়লে তার কাজের পরিধি ও মুনাফা বেড়ে যায়। ২ জন কর্মচারী নিয়ে বাতিল হওয়া মোবাইল ব্যাটারি দ্বারা সে চার্জলাইট তৈরি করে বিক্রি করতে শুরু করে। এখন ইলেকট্রনিক্স পণ্যের ব্যবসায়ের পাশাপাশি গ্রামের অসহায় ও দরিদ্র শিক্ষার্থীদের চার্জার লাইট বিনামূল্যে বিতরণ শুরু করছে।
ক) বরিশালের লিবার্টি জেন্টস টেইলার্সের স্বত্বাধিকারী কে?
খ) প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী কী? ব্যাখ্যা কর।
গ) ৫ বছর স্বল্প বেতনের কর্মচারী হিসেবে কাজ করায় মিটুলের মধ্যে উদ্যোক্তার কোন গুণাবলি ফুটে উঠেছে তা বর্ণনা কর।
ঘ) মিটুলের মধ্যে উদ্যোক্তার যেসব বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়– তা মূল্যায়ন কর।

২। ব্যবসায় প্রতিভা, কঠোর পরিশ্রম, দূরদর্শিতা ও সৃজনশীলতার সমন্বয়ে গঠিত জনাব জহুরুল ইসলাম বাংলাদেশের ব্যবসায়-শিল্প-বাণিজ্য জগতে একটি অতি পরিচিত নাম। তিনি কন্ট্রাক্টর হিসেবে ব্যবসায় জগতে প্রবেশ করেন। কাজের অভিজ্ঞতার আলোকে ঢাকার আশেপাশের জমির দাম বাড়বে তা তিনি বুঝতে পারেন। তাই তিনি ঢাকার আশেপাশে বহু জমি ক্রয় করেছিলেন যা পরবর্তীতে তাকে লাভবান করে। ব্যবসায়ের সফলতার পাশাপাশি তিনি ব্যাংকিং, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, ক্রীড়াসহ বিভিন্ন ক্ষেত্রে জনহিতকর কাজ করে গেছেন। বেসরকারি উদ্যোগে দেশের সর্ববৃহৎ মেডিকেল কলেজ তিনিই স্থাপন করেছেন।
ক) প্রতিবেদন কী?
খ) উদ্যোক্তা কীভাবে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করে?
গ) জমি ক্রয় বিষয়টির মাধ্যমে জহুরুল ইসলামের কোন গুণটি ফুটে ওঠেছে? ব্যাখ্যা কর।
ঘ) সফল উদ্যোক্তা হতে চাইলে জহুরুল ইসলামের গুণাবলি অনুসরণ করা উচিত। তুমি কি একমত?

৩। আবির হোসেন বাংলাদেশের একজন সফল উদ্যোক্তা। নবম শ্রেণিতে পড়াশোনা করার সময় জহুরুল ইসলামের জীবনী পড়ে তার মনে সফল উদ্যোক্তা হওয়ার স্বপ্ন জেগেছিল। তখন থেকেই তিনি তার জীবনে জহুরুল ইসলামের গুণাবলিগুলো সমন্বয় ঘটাতে সদা সচেষ্ট থেকেছেন। প্রথম জীবনে তিনি মাত্র ৫০ হাজার টাকা নিয়ে নিজ এলাকায় একটি ডিপার্টমেন্টাল স্টোর চালু করেছিলেন। তারপর কঠোর পরিশ্রম আর একাগ্রতা দিয়ে তিনি তার ব্যবসায় প্রতিষ্ঠানটিকে বড় করে তোলেন। বর্তমানে বাংলাদেশের প্রায় ৩০টি জেলার বিভিন্ন স্থানে তার এই ডিপার্টমেন্টাল স্টোরটির শাখা চালু রয়েছে।
ক) ঢাকা রিরোলিং মিলস্ লিঃ কোন গ্রুপের আওতায় পরিচালিত একটি প্রতিষ্ঠান?
খ) ব্যবসায় উদ্যোগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ) আবির হোসেন জহুরুল ইসলামের জীবনী পড়ে তার সফলতা লাভের কোন কারণগুলো জানতে পেরেছিলেন? বর্ণনা কর।
ঘ) আবির হোসেনের পঠিত জীবনী পাঠের গুরুত্ব আলোচনা কর।

৪। ১৯৯২ সালে খাদ্য অধিদপ্তরে নিম্নমানের সহকারী পদে যোগদানের ভিতর দিয়ে বিপুল ঘোষের কর্মজীবন শুরু হলেও ঘোষ ডেভেলপমেন্ট লিমিটেড কোম্পানি প্রতিষ্ঠার মধ্যে তার ব্যবসায় জগতে প্রবেশ ঘটে। ছোট এই ব্যবসায় প্রতিষ্ঠানটিকে বৃহৎ আকার দিতে তিনি নিরলসভাবে কাজ করে যান। তিনি তার দূরদর্শিতা দিয়ে বুঝতে পেরেছিলেন ঢাকা-আরিচা রোডের দুই পাশে সাভার এলাকায় এক সময় প্রচুর শিল্প কারখানা ও বসতি গড়ে উঠবে। তাই তিনি সাভার এলাকায় বেশ কিছু জমি কিনে শিল্প কারখানা ও আবাসিক গৃহনির্মাণ করেন। আবাসিক গৃহগুলো বিক্রি করে তিনি প্রচুর টাকা মুনাফা লাভ করেন। এই মুনাফার অর্ধেক অংশ দিয়ে তিনি দুইটি দাতব্য চিকিৎসালয় ও একটি যুব ক্রীড়া সংস্থা প্রতিষ্ঠা করেছেন। সমাজের সবার নিকট তিনি একজন সম্মানিত ব্যক্তি।
ক) বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত দেশের সর্ববৃহৎ মেডিকেল কলেজ কোনটি?
খ) উদ্যোক্তা কীভাবে কর্মসংস্থান সৃষ্টি করে?
গ) বিপুল ঘোষের জীবনীর সাথে কোন সফল উদ্যোক্তার জীবনীর মিল রয়েছে? বর্ণনা কর।
ঘ) উক্ত সফল উদ্যোক্তার ব্যবসায়িক দূরদৃষ্টি ছিল অত্যন্ত তীক্ষ্ণ– উক্তিটি মূল্যায়ন কর।

৫। সহিদ নিজের কিছু জমানো টাকা দিয়ে ছোট আকারে গাছের চারা উৎপাদন ও বিক্রি শুরু করে। শ্রমিক প্রয়োজন হওয়ায় সে দুইজন আত্মীয়কে নিয়োগ দেয়। মাস ছয়েকের মধ্যেই সে ব্যাপক ক্ষতির মুখে পড়ে। কারণ গাছের চারা উৎপাদনে পর্যাপ্ত মান রক্ষিত হয়নি। পরবর্তীতে সে আবার নতুন করে গাছের চারা উৎপাদন শুরু করে। এ সময় সে ব্যাংক হতে অর্থ ঋণ নেয়। নার্সারিটি বড় আকারের হওয়ায় বেশ কয়জন অভিজ্ঞ শ্রমিককে সে তার অধীনে নিয়োগ দেয়। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে এবার সে আত্মীয়তার সম্পর্ক বা ব্যক্তিগত পরিচয় বিষয়টি বিবেচনায় নেয়নি। ১ বছর পর দেখা গেল তা উৎপাদিত চারা সকলের কাছে গ্রহণযোগ্যতা পেল।

ক) ক্রিসেন্ট ইন্টারন্যাশনাল লি.-এর উদ্যোক্তা কে?
খ) ভ্রাম্যমান দোকান বলতে কী বোঝায়?
গ) গাছের চারা উৎপাদনের সফলতায় কোন গুণটি সহিদকে সহায়তা করেছে? বর্ণনা কর।
ঘ) আত্মকর্মসংস্থানের কোন বিষয়টি পরবর্তীতে সহিদকে সফলভাবে গাছের চারা উৎপাদনে অনেকাংশ সাহায্য করেছে? মতামত দাও।